D.C.R.B (Tml)

# FIRST INFORMATION REPORT

517

W.B.P. Form No. 27

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba MDP Sub-Divn. Haldia P.S. Nandigram Year 2017 FIR NO. 167 Date 15/5/17
2. i) Act ........ Section ........ ii) Act I.P.C. Sections 447/341/323
2. iii) Act ........ Section ........ iv) Other Act & Sections 506/379/34 IPC
3. a) General Diary Reference : Entry No. 840 Time 12:35
   b) Occurrence of Offence : Day Thursday Date 6/4/17 Time 08:00
   c) Information received Date 15/5/17 Time 12:35
   G. D. No. 840 at the Police Station :
4. Type of Information. Written / Oral Written.
5. Place of Occurrence a) Direction and Distance from P.S. E.K.M. North J.L No. 123
   b) Address Vill- Pathuria. Khodambari II Gram Panchayet. P.S.- Nandigram Dist.- Purba Medinipur
   c) In case outside limit of this Police Station, then the name of P.S. ........
   District ........
6. Complaint /Informant :
   a) Name SK Mainuddin
   b) Father's / Husband's Name SK Makbul
   c) Date/Year of Birth ........
   d) Nationality Indian
   e) Address Vill- Joyenpur P.S.-Nandigram Dist Purba Medinipur
7. Details Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Sk Mostafa S/o Lt Sk Genu
   (Attach separate sheet, if necessary) (2) Sk Samad S/o Sk Sapi (3) Uttam Giria Madilip
8. Reasons for delay in reporting by the Complaint/Informant (4) Heren Maity S/o Lt Ranjit (5) Kulsum Bibi W/o Sk Mostafa (6) Dilip Paria S/o Bantul (7) Amal Giria S/o Sharani All are Vill- Pathuria (8) Sk Abdul
9. Particular of properties stolen / involved : (Attach separate sheet, if required) : Sattar S/o Lt Sk Genu (9) Sk Munna S/o Sk Year Ali both of Vill- Joyenpur (10) Sk Jahid S/o Lt Sk Rabbani of Amratala (11) Pintu Bera S/o Rabipada (12) Sk Aminul Islam S/o Sk Mostafa All are Vill- Pathuria (13) Arun Ray S/o Jaydeb of Amratala (14) Alamgir Khan S/o Mamu of Joyenpur
10. Total value of Properties stolen / involved : (15) Habibul Ali Khan S/o Abed Ali Khan
11. Inquest report / U.D. : Case No. if any : All are Vill- Amratala All are P.S.- Nandigram
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written Complaint which is treated as FIR is attached here with.

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 447/341/323/506/379/34 IPC
........
register the case and took up the investigation/directed SI Naba Kumar Koley ........ to take up the investigation ........
transferred to P. S. ........ on point of jurisdiction FIR read over to the Complaint / informant admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

[signature] 15/05/17

Signature of the Office-in-charge, Police Station with
Name KAJAL DUTTA
Rank SI of Police, Nandigram PS
Number, if any O/C 15/5/17.

Officer-in-charge
NANDIGRAM POLICE STATION
Purba Medinipur

Signature / Thumb Impression of the Complainant /Informant

DR-3548(2)

FILED
2 APR 2017
Purba Medinipur

53/57

M.P. 66/17

FIR

## In the Court of L.d. A.C.J.M. at Haldia Purba Medinipur

### Case No- MP66 /2017

**বাদী**

সেখ মইনুদ্দিন
পিতা - সেখ মকবুল
গ্রাম - জয়েনপুর
পোঃ - আশদতলা
থানা - নন্দীগ্রাম
জেলা - পূর্ব মেদিনীপুর

Received on 15/6/17 at 12:30 hrs and Started Nandigram PS Case No 167/17 dt 15/5/17 u/s 447/341/323/506/325/34 IPC

Officer-in-charge
NANDIGRAM POLICE STATION
Purba Medinipur

**আসামীগণ**

১) সেখ মস্তাফা
পিতা - মৃত সেখ গেনু
২) সেখ সামাদ
পিতা - সেখ সপি
৩) উত্তরা গুড়িয়া
স্বামী - দিলীপ গুড়িয়া
৪) হরেন মাইতি
পিতা - রঞ্জিত মাইতি
৫) কুলসুন বিবি
স্বামী - সেখ মস্তাফা
৬) দিলীপ গুড়িয়া
পিতা - বাঁটুল গুড়িয়া
৭) অমল গুড়িয়া
পিতা - ধরণী গুড়িয়া
সর্ব্বসাং - পাথুরিয়া
পোঃ - আশদতলা
থানা - নন্দীগ্রাম
৮) সেখ আব্দুল সাত্তার
পিতা - মৃত সেখ গেনু
৯) সেখ মুন্না
পিতা - সেখ ইয়ার আলি
সর্ব্বসাং - জয়নপুর
পোঃ- আশদতলা
থানা - নন্দীগ্রাম
১০) সেখ জহিদ
পিতা - মৃত সেখ পবনু
সাং ও পোঃ- আমড়াতলা
১১) পিন্টু বেরা
পিতা - কালীপদ বেরা
১২) সেখ আমিনুল ইসলাম
পিতা - সেখ মোস্তাফা
সাং - পাথুরিয়া,পোঃ- আশদতলা
১৩) অরুন রায়
পিতা - জয়দেব রায়
সাং ও পোঃ- আশদতলা
১৪) আলমগীর খাঁন
পিতা - মনু খাঁন
গ্রাম - জয়নপুর, পোঃ- আশদতলা
১৫) হাবিবুল আলি খাঁন
পিতা - অবেদ আলি খাঁন
সাং ও পোঃ- আমড়াতলা
থানা - নন্দীগ্রাম
জেলা - পূর্ব মেদিনীপুর

**স্বাক্ষীগণ**

১) সেখ অবাইদুল
পিতা - মৃত সেখ মকসেদ
২) সেখ সইদুল
পিতা - সেখ মকসেদ
৩) সেখ সহিদুল
পিতা - মৃত সেখ খুরসেদ
৪) সেখ মালেন
পিতা - সেখ মকবুল
সর্ব্বসাং - পাথুরিয়া
৫) সেখ আজিজুল
পিতা - সেখ মহিনুদ্দিন
৬) ইয়ার আলি খাঁন
পিতা - সেইজুদ্দিন খাঁন
সাং - জয়নপুর
৭) গফুর খাঁন
পিতা - মৃত খুরসেদ খাঁন
সাং - আমড়াতলা
থানা - নন্দীগ্রাম,
জেলা - পূর্ব মেদিনীপুর
৮) ও.সি. নন্দীগ্রাম থানা ও
আরও অনেকে

**ঘটনার তারিখ ও সময় ঃ- ইং ০৬/০৪/২০১৭ তারিখ বৃহস্পতিবার সকাল ৮ টা প্রায়।**

বিনীত নিবেদন এই যে, আসামীগন অত্যন্ত, দুর্দান্ত, দুষ্ট প্রকৃতির, দাঙ্গাবাজ ও কুচক্রী প্রকৃতির ব্যক্তিগণ

সইকারক।

Court of Addl. Chief Judicial Magistrate, Haldia
FILED
20 APR 2017

আসামীগণ অধীনের পরিবারবর্গকে গ্রাম ছাড়া করিবার জন্য দীর্ঘদিন বিভিন্ন ভাবে প্রয়াস চালাইয়া আসিতেছে।

হুজুর আদালতের এলাকাধীন নন্দীগ্রাম থানার অন্তর্গত পাথুরয়া মৌজাস্থিত ৭১৫,৭১৬ দাগে ১ এঃ ০৩ ডেঃ এর মধ্যে ১৮ ডেঃ পরিমিত ভূমি অধীনের মায়ের নামিত সম্পত্তি হইতেছে । অধীনের মাতা পরলোকগমন করার পর অধীন, অধীনের পিতা ও অধীনের অপর ৪ ভাই ও ১ জন বোন ওয়ারিশসূত্রে প্রাপ্ত হইয়া ভোগবান ও দখলকার রহিয়াছি। উক্ত সম্পত্তি নির্দিষ্ট সীমাচিহ্নে চিহ্নিত রহিয়াছে। উক্ত সম্পত্তিতে আসামীগণে স্বত্ব দখল রহিয়াছে। উক্ত সম্পত্তি আসামীগণের সহিত কোন পার্টিশান হয় নাই। আসামীগণ অধীনগণের বিনা অনুমতিতে অধীনগণকে অযথা হয়রানি ও জব্দ করিবার উদ্দেশ্যে বেআইনি ভাবে নতুন পাকাগৃহ নির্মান করিবার জন্য হুমকি দেওয়ায় অধীন আসামীগণের বিরুদ্ধে হলদিয়া সিভিল জার্জ সিনিয়র ডিভিশন আদালতে T.S. 55/2017 নং মামলা আনয়ন করি। হলদিয়া সিভিল জার্জ সিনিয়র ডিভিশন আদালত উক্ত মামলায় উভয়পক্ষের বিরুদ্ধে directed to maintain Status quo in respect of nature, charactor & possessior এর আদেশ দিয়াছেন। উক্ত মামলায় বিবাদীগন নোটিশপ্রাপ্ত হইয়াছেন তা স্বত্বেও হুজুর আদালতের আদেশ অমান্য করিয়া ঘটনার তারিখ ও সময়ে উক্ত ভূমিতে মাটি খনন করিয়া ইঁট, বালি, রড,সিমেন্ট, চিপস্ প্রভৃতি জড় করিয়া নতুন প.কা গৃহ নিমান করিতে থাকে।

অধীন ঘটনার তারিখ ও সময়ে আসামীগণের উক্তরূপ আচরণের কারণ জিজ্ঞাসা করিলে আসামীগণ অধীনকে কুৎসিত ভাষায় গালিগালাজ করত অধীনকে যে যাহার মতো কিল, চড়, ঘুসি ও লাথি মারে এবং আসামীগণ অধীনকে প্রাণে মারার উদ্দেশ্যে মাটিতে ফেলিয়া দিয়া গলা টিপিয়া শ্বাসরোধ করিয়া রাখে। সঙ্গে সঙ্গে সমুহ আসামীগণ অধীনের কাছে থাকা ৬,৮০০/- (ছয় হাজার আট শত) টাকা যে যাহার মতো লইয়া আত্মসাৎ করে। অধীনের গোঁ- গোঁয়ানির শব্দে অধীনের ভাই অর্থাৎ ৪ নং সাক্ষী সেখ মালেন আসিয়া আসামীগণের উক্তরূপ আচরণের কারণ জিজ্ঞাসা করিলে আসামীগণ ৪ নং সাক্ষীকে ইচ্ছাখুশি কিল, চড়, ঘুসি ও লাথি মারে। সঙ্গে সঙ্গে ১নং আসামী সেখ মোস্তফা ৪ নং সাক্ষীর গলায় থাকা ১ টি সোনার চেন (ওজন- ১০ গ্রাম, মূল্য - ৩০,০০০/- টাকা) টানিয়া খুলিয়া লইয়া আত্মসাৎ করে। সঙ্গে সঙ্গে আসামীগণ অধীনকে ও ৪ নং সাক্ষীকে ধরিয়া লইয়া স্থানীয় পাতুরিয়া প্রাথমিক বিদ্যালয়ে লইয়া যায়। এবং অধীনগণের ইচ্ছার বিরুদ্ধে কয়েকটি অলিখিত সাদা কাগজে স্বাক্ষর করিতে বলে। অধীন ও ৪ নং সাক্ষী আসামীগণের উক্ত প্রস্তাবে রাজী না হওয়ায় আসামীগণ পুনরায় অধীনকে ও ৪ নং সাক্ষীকে ইচ্ছাখুশি কিল,চড়, ঘুসি ও লাথি মারে। সঙ্গে সঙ্গে সমুহ আসামীগণ ৪ নং সাক্ষীর কাছে থাকা ২,৬০০/- (দুই হাজার ছয় শত) টাকা যে যাহার মতো লইয়া আত্মসাৎ করে। অধীনগণের চিৎকারে পাশাপাশি লোকজন আসিয়া প্রতিবাদ করিলে আসামীগণ প্রাণহানির হুমকি দিয়া ঘটনাস্থল ত্যাগ করে।

ঘটনার অব্যবহিত পরে ঘটনার বিষয়ে গ্রাম্য হিতৈষী ব্যক্তিগণকে জানাই এবং নন্দীগ্রাম থানায় জানাই। যাহার ডায়েরী নং - ৭৮, তারিখ- ০৬/০৪/২০১৭। গ্রাম্য হিতৈষী ব্যক্তিগণ মিমাংসার চেষ্টা করিয়া ব্যর্থ হইয়াছেন এবং থানা হইতে কোন মামলা রুজু হয় নাই।

অধীন ঘটনার বিষয়ে গত ইং ০৮/০৪/২০১৭ তারিখ ডাকযোগে এস.পি. পূর্ব মেদিনীপুরকে জানাইয়াছি।

উক্তরূপ মারের ফলে অধীনের এবং ৪ নং সাক্ষীর শরীরের বিভিন্ন স্থানে ব্যাথা, বেদনা, ফোলা, জখম হইয়াছিল। অধীনগণ স্থানীয় এ্যালোপ্যাথিক ঔষধ দোকান হইতে ঔষধ সেবন করিয়া আরোগ্য লাভ করি।

ঘটনার বিষয়ে যথেষ্ট সাক্ষ্য-প্রমান রহিয়াছে। অপরাপর যাবতীয় বিবরণ পুলিশ তদন্তে প্রকাশ পাইবে।

প্রার্থনা এই যে, অত্র দৃষ্টে সন্তুষ্ট হইয়া ফৌঃ কাঃ বিধি আইনের ১৫৬(৩) ধারামতে নন্দীগ্রাম থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মচারী মহাশয়কে তদন্তের আদেশদানে সুবিচার করিতে আজ্ঞা হয়।

নিবেদন
20.04.17